

প্রথম আলো

রোববার ঢাকা, ১৬ মার্চ ২০১৪, ২ চৈত্র ১৪২০, ১৪ জমাদিউল আউয়াল ১৪৩৫, রেজি. নং ডিএ ১৮৮০, বর্ষ ১৬, সংখ্যা ১৩১

Last Page



রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ গতকাল বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউআইটিএস ইউনিভার্সিটির সমাবর্তন অনুষ্ঠানে মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদকে ক্রেস্ট উপহার দেন • ছবি: পিআইডি

ইউআইটিএসের সমাবর্তনের পর মাহাথির স্থিতিশীলতা বজায় রাখার দায়িত্ব রাজনৈতিক দলের

কূটনৈতিক প্রতিবেদক •

দেশের উন্নয়নের স্বার্থে রাজনৈতিক স্থিতিশীলতা বজায় রেখে বিদেশি বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি করাটা রাজনৈতিক দলের দায়িত্ব বলে মনে করেন মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদ।

গতকাল শনিবার বিকেলে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেসের (ইউআইটিএস) দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানের পর মিট দ্য প্রেস অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। সাংবাদিকদের মুখোমুখি হওয়ার আগে তিনি ইউআইটিএসের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসেবে মাহাথির মোহাম্মদ বক্তব্য দেন।

রাজনৈতিক স্থিতিশীলতার ওপর গুরুত্বারোপ করে মাহাথির বলেন, একটি দেশের উন্নয়নের জন্য পূর্বশর্ত রাজনৈতিক স্থিতিশীলতা। রাজনৈতিক স্থিতিশীলতার ওপর বিদেশি বিনিয়োগ নির্ভর করে। তাই স্থিতিশীলতা বজায় রেখে বিদেশি বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি করা রাজনৈতিক দলগুলোর দায়িত্ব।

গত ৫ জানুয়ারির নির্বাচনে প্রধান বিরোধী দলের নির্বাচন বর্জন প্রসঙ্গে জানতে চাইলে মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী বলেন, নির্বাচন ও ফলাফল বর্জন কোনো সমাধান নয়। এ ধরনের সিদ্ধান্ত দেশ ও জাতির জন্যও কল্যাণকর নয়। গণতন্ত্রের অগ্রযাত্রা অব্যাহত রাখতে হলে প্রত্যেক রাজনৈতিক দলকেই নিজস্ব অবস্থানে থেকে দায়িত্ব পালন করতে হবে। সে ক্ষেত্রে রাজনৈতিক কর্মসূচি দেওয়ার ক্ষেত্রে ধ্বংসাত্মক কর্মসূচি এড়িয়ে চলা উচিত। দেশ ও জাতির স্বার্থে রাজনৈতিক দলগুলোকে সহনশীল হওয়ারও পরামর্শ দেন তিনি।

সমাবর্তন অনুষ্ঠান: এদিকে সমাবর্তন বক্তা হিসেবে মাহাথির মোহাম্মদ মুসলিম উম্মাহকে নিজেদের সুরক্ষা এবং উন্নয়ন ও সমৃদ্ধির স্বার্থে আধুনিক ও তথ্য-প্রযুক্তিভিত্তিক শিক্ষায় গুরুত্ব দিতে হবে বলে মন্তব্য করেন।

রাষ্ট্রপতি ও ইউআইটিএসের আচার্য মো. আবদুল হামিদ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। এ ছাড়া ইউআইটিএসের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও পিএইচপি গ্রুপের চেয়ারম্যান সুফি মোহাম্মদ মিজানুর রহমান, উপাচার্য ড. মুহাম্মদ সামাদ ও কে এম সাইফুল ইসলাম খান বক্তব্য দেন।

প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নের প্রশংসা করলেন মাহাথির

প্রথম আলো ডেস্ক •

মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির বিন মোহাম্মদ সাম্প্রতিক সময়ে বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশের উন্নয়ন, বিশেষ করে অবকাঠামোর উন্নয়নের তৃপ্তি প্রকাশ করেছেন। গতকাল শনিবার সন্ধ্যায় গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে মাহাথির এ মন্তব্য করেন। খবর বাসসের।

বৈঠক শেষে প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী মাহবুবুল হক শাকিল সাংবাদিকদের এসব কথা জানান।

শেখ হাসিনা বলেন, তাঁর সরকার শুধু রাজধানীর উন্নয়নেই নয়, দেশের সব অঞ্চলের উন্নয়নে সমান গুরুত্ব দিচ্ছে। তিনি বলেন, শহর এলাকায় গ্রামের মানুষের অভিবাসন বন্ধ করতে তাঁর সরকার গ্রামীণ অর্থনীতি শক্তিশালী করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

বৈঠকে অন্যান্যের মধ্যে প্রধানমন্ত্রীর ছেলে সজীব ওয়াজেদ জয়, প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব আবদুস সোবহান সিকদার, মালয়েশীয় দূত নরলিন ওসমান উপস্থিত ছিলেন।

মাহাথির বিন মোহাম্মদ ও তাঁর পত্নী সিতী হাসমাদ বিনতে মোহাম্মদ